অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ডে রং-ওয়েতে গাড়ি চালানো এবং ব্রিজ স্ট্রাইক নিরস্ত করতে নতুন ব্যবস্থা ঘোষণা করলেন

নতুন সাইন এবং ফুটপাতের চিহ্ন লং আইল্যান্ডের ব্যস্ততম হাইওয়েগুলির কয়েকটিতে নিরাপত্তা উন্নত করবে

***এখানে* ছবি দেখুন**

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে রং-ওয়েতে গাড়ি চালানো নিরস্ত করতে এবং ট্রাক ও অন্যান্য ওভারহাইট যানবাহন কর্তৃক পার্কওয়ে ওভারপাসসমূহকে ধাক্কা দেওয়া প্রতিরোধ করতে লং একাধিক লং আইল্যান্ড হাইওয়েতে বেশ কিছু নতুন নিরাপত্তা উন্নয়ন পদক্ষেপ গৃহীত হয়েছে। নাসাউ এবং সাফোক কাউন্টির ব্যস্ততম হাইওয়েগুলির কয়েকটিতে চালকদের সচেতনতা এবং নিরাপত্তা বৃদ্ধি করতে বাছাইকৃত 700 এর বেশি অবস্থানে কয়েক হাজার নতুন, উচ্চমাত্রায় প্রতিফলক সাইন এবং ফুটপাতের চিহ্ন স্থাপন করা হয়েছে। নতুন পদক্ষেপগুলি নিরাপত্তার জন্য সকল ফেডারেল হাইওয়ে মানদণ্ড মান্য করে বা অনুসরণ করে।

"রং-ওয়ে চালক এবং ওভারহাইট যানবাহন সুস্পষ্ট নিরাপত্তা বিপর্যয় সৃষ্টি করে যার ফলে অবর্ণনীয় মর্মান্তিক ঘটনা ঘটতে পারে এবং মোটরচালকদের জন্য অপ্রয়োজনীয় বিলম্ব ও কষ্টের কারণ হতে পারে," **গভর্নর হোকল বলেন।** "এইসব নতুন সাইন ও ফুটপাতের চিহ্ন দিয়ে আমরা অগ্রাহ্য-করা-কষ্ট এমন সতর্কতা প্রদান করছি যা রং-ওয়ে চালকদের এবং ওভারহাইট ট্রাকগুলিকে নিরস্ত করতে সাহায্য করবে যাতে অন্য মোটরচালকদের নিরাপত্তা রক্ষা করা যায়।"

নতুন নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রয়েছে রং-ওয়ে চালকদেরকে লং আইল্যান্ডের উচ্চ গতির হাইওয়ে, এক্সপ্রেসওয়ে, এবং পার্কওয়েতে প্রবেশ করা থেকে নিরুৎসাহিত করতে 422টি পার্কওয়ে, এক্সপ্রেসওয়ে, এবং হাইওয়ে র‍্যাম্পে স্থাপন করা 3,600 এর বেশি নতুন "রং-ওয়ে" এবং "প্রবেশ করবেন না" সাইন। স্বাভাবিক ট্র্যাফিক প্রবাহের বিপরীত মুখে একটি "প্রবেশ করবেন না" সাইন থাকবে এবং এর পর চারটি "রং-ওয়ে" সাইন থাকবে। প্রত্যেক সাইনপোস্টে লাল প্রতিফলক স্ট্রাইপ থাকবে যাতে তা সহজে দেখা যায়। এছাড়াও ভুল পথের চালকদের সতর্ক করতে র‍্যাম্পগুলিতে অতিরিক্ত ফুটপাতের চিহ্ন এবং ফুটপাতের প্রতিফলক চিহ্ন স্থাপন করা হয়েছে।

ব্রিজে ধাক্কা এড়াতে সাউদার্ন, নর্দার্ন, মিডোব্রুক, ওয়ানটা, বেথপেজ, হ্যাকসার, স্যাগটিকস, এবং সাঙ্কেন মিডো স্টেট পার্কওয়েস এবং রবার্ট মোসেস কজওয়ের 282টি অবস্থানে নতুন অতি মাত্রায় প্রতিফলক আধুনিক সতর্কতা সাইন এবং সাইন স্থাপন করা হয়েছে। এগুলি প্রত্যেক ব্রিজের উচ্চতা দেখায় এবং এই সাইনপোস্টগুলিতে প্রতিফলক রয়েছে। নতুন সাইনগুলি পূর্বের সাইনের থেকে আনুমানিক 75 শতাংশ বড় এবং ট্রাকারদের ওভারপাসে ধাক্কা প্রদান এড়াতে সাহায্য করার জন্য যথেষ্ট সতর্কতা প্রদান করে।

পাশাপাশি, আরো সচেতনতা বৃদ্ধির জন্য 17টি অভীষ্ট পার্কওয়ে অবস্থানে "লো ব্রিজ ক্লিয়ারেন্স" সতর্কতার ফুটপাতের চিহ্নও স্থাপন করা হয়েছে।

লং আইল্যান্ডের স্টেট পার্কওয়েগুলি 20 শতাব্দীর মাঝামাঝি নিচু পাথরের বাঁকা ব্রিজসহ নির্মিত হয়েছে এবং এর উদ্দেশ্য ছিলো শুধু যাত্রীবাহী যানবাহনকে যাতায়াত করতে দেওয়া। কিন্তু বিগত আট শতক ধরে, এই উদ্দেশ্য স্টেট পার্কে বেড়াতে আসা মানুষের উপভোগের জন্য দৃশ্যপূর্ণ রাস্তা থেকে নিউ ইয়র্ক সিটির সবার্বার্ন সম্প্রদায়সমূহকে সংযোজনকারী প্রধান যাতায়াতের রুটে বিবর্তিত হয়েছে।

প্রায়শই, স্টেট পার্কওয়ের উচ্চতার সীমাবদ্ধতা সম্পর্কে না জেনে ট্রাক এবং অন্যান্য ওভারহাইট যানবাহন পার্কওয়েতে প্রবেশ করেছে এবং ওভারপাসে ধাক্কা দিয়েছে, যার ফলে ট্র্যাফিক জ্যাম এবং হাইওয়ে অবকাঠামোর ক্ষতি হয়েছে।

নতুন সাইন এবং ফুটপাতের চিহ্ন হলো বারবার পার্কওয়েতে প্রবেশ করতে ব্যবহার হওয়ার জন্য পরিচিত, নির্বাচিত র‍্যাম্পসমূহে 16টি ওভার হাইট যানবাহন সনাক্তকরণ ব্যবস্থা স্থাপন করার সম্পূরক। প্রযুক্তিটি ট্রাকের চালককে জানানোর জন্য একটি সতর্কতা সাইন ট্রিগার করে এবং স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation) আঞ্চলিক ট্র্যাফিক ব্যবস্থাপনা কেন্দ্রে সতর্কতা প্রেরণ করে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "নিরাপত্তা সর্বদা পরিবহন বিভাগের শীর্ষ অগ্রাধিকার এবং নতুন এই সাইন ও ফুটপাতের চিহ্নগুলি আমাদেরকে লং আইল্যান্ডের রাস্তাঘাটে রং-ওয়েতে গাড়ি চালানো এবং ব্রিজ স্ট্রাইকের বিপজ্জনক ঘটনার সাথে লড়াই করতে সাহায্য করবে। তবে, নিরাপত্তা সকলের দায়িত্ব। যদিও আমরা আমাদের রাস্তাঘাটের নিরাপত্তা উন্নত করতে আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করতে প্রতিশ্রুতিবদ্ধ, কিন্তু মোটরচালকদের রাস্তার নিয়ম মান্য করা, দায়িত্বশীলভাবে গাড়ি চালানো এবং সকল সময় সতর্ক থাকা প্রয়োজন।"

সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেন, "আমাদের রাস্তাঘাটকে যতটা সম্ভব নিরাপদ রাখা নিশ্চিত করতে সাফোক কাউন্টি প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা চালকদের নিরাপদ রাখার জন্য বিভিন্ন উদ্যোগ ও কৌশল বাস্তবায়ন করেছি। লং আইল্যান্ডে মারাত্মক আঘাতের ঘটনা ও প্রাণঘাতী সংঘর্ষ হ্রাস ও প্রতিরোধ করতে অতিরিক্ত সক্রিয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করছি।"

নাসাউ কাউন্টির নির্বাহী ব্রুস ব্লেকম্যান বলেন, "আজকে গভর্নর হোকল যেই গুরুত্বপূর্ণ নিরাপত্তা উন্নয়ন ঘোষণা করেছেন তা আমাদের হাইওয়েসমূহকে নাসাউ কাউন্টির যে হাজার হাজার চালকদের সেগুলি প্রতিদিন ব্যবহার করে তাদের জন্য আরো নিরাপদ করবে।"

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

মোটরচালকদের সেই অনুযায়ী পরিকল্পনা করতে এবং ওয়ার্ক জন্যে দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর জন্য তাগিদ দেওয়া হচ্ছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। কোনও ব্যক্তি যদি ওয়ার্ক জোনে দুই অথবা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে।

টুইটারে NYSDOT-কে ফলো করুন @NYSDOT ও @NYSDOTLI এ। ফেসবুকে (Facebook) Facebook.com/NYSDOT ঠিকানায় আমাদেরকে খুঁজে নিন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন